



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University

‘১ম আন্তঃসেশন বিতর্ক প্রতিযোগিতা ২০১৮’-এর পুরস্কার বিতরণী ও সাংস্কৃতিক অনুষ্ঠান



ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের রেনেসাঁ ডিবেটিং ক্লাবের উদ্যোগে ‘১ম আন্তঃসেশন বিতর্ক প্রতিযোগিতা ২০১৮’-এর পুরস্কার বিতরণী ও সাংস্কৃতিক অনুষ্ঠান

ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের রেনেসাঁ ডিবেটিং ক্লাবের উদ্যোগে ‘১ম আন্তঃসেশন বিতর্ক প্রতিযোগিতা ২০১৮’-এর পুরস্কার বিতরণী ও সাংস্কৃতিক অনুষ্ঠান ২৭ মার্চ-২০১৮, মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

ইসলামের ইতিহাস ও সংস্কৃতিক বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মোঃ আতিয়ার রহমান-এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জগন্নাথ বিশ্ববিদ্যালয় ডিবেটিং সোসাইটির মডারেটর সুমন কুমার মজুমদার। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন রেনেসাঁ ডিবেটিং সোসাইটির সভাপতি আবু নাছের ভূঁইয়া।

এছাড়াও বক্তব্য প্রদান করেন রেনেসাঁ ডিবেটিং সোসাইটির মডারেটর মোহাঃ খালেদ সাইফুল্লাহ। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন রেনেসাঁ ডিবেটিং ক্লাবের সাধারণ সম্পাদক মোঃ সাইফুর রহমান।



জগন্নাথ বিশ্ববিদ্যালয় Jagannath University



বিতর্ক প্রতিযোগিতায় জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. এ. কে. এম. মনিরুজ্জামান স্পিকার হিসেবে এবং সমাজকর্ম বিভাগের সহকারী অধ্যাপক মোঃ মামুনের রশীদ শেখ ডেপুটি স্পিকার হিসেবে দায়িত্ব পালন করেন। এছাড়াও ভূগোল ও পরিবেশ বিভাগের সহযোগী অধ্যাপক মোহাম্মদ আব্দুল কাদের, নৃবিজ্ঞান বিভাগের খন্দকার ফাতেমা জোহরা, রাষ্ট্রবিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক নূরানা, ইতিহাস বিভাগের সহকারী অধ্যাপক মোঃ আব্দুস সামাদ এবং জগন্নাথ বিশ্ববিদ্যালয় ডিবেটিং সোসাইটির সভাপতি মোঃ শাকিল আহমেদ বিচারক হিসেবে দায়িত্ব পালন করেন।

চূড়ান্ত বিতর্ক প্রতিযোগিতায় সরকারি দল হিসেবে ৮ম ব্যাচের জ্যানেসারি দল বিজয়ী এবং বিরোধী দল ১০ ব্যাচের নিশীথ পদ্ম রানার্স আপ হয়। চূড়ান্ত প্রতিযোগিতায় বিতর্কের বিষয় ছিলো “এই সংসদ রোহিঙ্গাদের মিয়ানমারে প্রত্যাবাসন না করে বাংলাদেশেই পুনর্বাসন করবে”। প্রতিযোগিতায় বিরোধী দলের প্রধান তাহমিনা আক্তার শ্রেষ্ঠ বক্তা হিসেবে নির্বাচিত হন। উপাচার্য বিজয়ী ও রানার্স আপ দলের মাঝে পুরস্কার বিতরণ করেন।

প্রতিযোগিতায় ৯টি দল অংশগ্রহণ করেন। অনুষ্ঠান শেষে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়। এসময় বিভিন্ন বিভাগের চেয়ারম্যান, শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।